

উচ্চ মাধ্যমিকের এক সেশনেই ঝরে পড়েছে ১ লাখ ৪৩ হাজার

আশরাফুল হক রাজীব

উচ্চ মাধ্যমিকের এক সেশনেই ঝরে পড়েছে ১ লাখ ৪৩ হাজার শিক্ষার্থী। কলেজে ভর্তি হলেও তাদের পরীক্ষা দেয়ার স্বপ্ন পূরণ হচ্ছে না। ২৯ মে থেকে শুরু হতে যাওয়া এইচএসসি পরীক্ষায় তাদের অংশ নেয়ার কথা ছিল। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে এসব তথ্য জানা গেছে।

সম্প্রতি অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষার আগে এক সংবাদ সংকলনে শিক্ষা সচিব মোয়তাজুল ইসলাম সাংবাদিকদের বলেছিলেন, নানা কারণে ড্রপ আউট হয়। অনেক ছাত্র রেজিস্ট্রেশন করে বিদেশ চলে যায়, কিছু শিক্ষা প্রতিষ্ঠান ইচ্ছা করে শিক্ষার্থীর সংখ্যা বাড়িয়ে দেবার, অনেকে নিরীচনী পরীক্ষায় উত্তীর্ণ হতে পারে না, কেউ কেউ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে চলে যায়। এসব কারণে রেজিস্ট্রেশন করেও অনেক শিক্ষার্থীর চূড়ান্ত পরীক্ষায় অংশ নেয়া হয় না। শিক্ষা সচিব ড্রপ আউটের আরো একটি বড় কারণ দেখিয়েছেন, পুঁজু ক

তা হলো- অল্প বয়সে

উচ্চ মাধ্যমিকের এক (প্রথম পৃষ্ঠার পর)

মেয়েদের বিয়ে হয়ে যাওয়া।

২০০৬-০৭ শিক্ষাবর্ষে নিয়মিত শিক্ষার্থী হিসেবে ৬ লাখ ৭ হাজার ৬৫৪ জন শিক্ষার্থী রেজিস্ট্রেশন করেছিল। এর মধ্যে আগামী সপ্তাহ থেকে শুরু হতে যাওয়া এইচএসসি পরীক্ষায় অংশ নেয়ার জন্য ফর্ম ফিলআপ করেছে ৪ লাখ ৬৪ হাজার ৩৫৭। বাকি ১ লাখ ৪৩ হাজার ২৯৭ জন ড্রপ আউটের শিকার হয়েছে। চলতি বছর তাদের এইচএসসি পরীক্ষায় অংশ নেয়ার কথা ছিল। নিয়মিত ছড়াও চলতি বছরের এইচএসসি পরীক্ষায় অনিয়মিত শিক্ষার্থী হিসেবে ১ লাখ ৪৩ হাজার ২৫৫, মানোন্নয়নের জন্য ৪ হাজার ৭৯২ এবং প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে ৭ হাজার ৬১৬ জনসহ মোট ৬ লাখ ২০ হাজার ২০ জন আবেদন করেছে।

সবচেয়ে বেশি শিক্ষার্থী ড্রপ আউট হয়েছে ঢাকা বোর্ড থেকে। ঢাকা বোর্ডে ড্রপ আউটের হার ১৯ দশমিক ৩৪ ভাগ। ঢাকা বোর্ডের ২৮ হাজার ৪১৪ শিক্ষার্থী ড্রপ আউট হয়েছে। এর মধ্যে ১৬ হাজার ১৮৯ জন ছাত্র এবং ১২ হাজার ২২৫ জন ছাত্রী। এ বোর্ড থেকে ২০০৬-০৭ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশন করেছিল ১ লাখ ৪৬ হাজার ৯১২ শিক্ষার্থী। এর মধ্যে আগামী সপ্তাহে শুরু হতে যাওয়া এইচএসসি পরীক্ষায় অংশ নেয়ার জন্য ফর্ম ফিলআপ করেছে ১ লাখ ১৮ হাজার ৪৯৮ জন।

ঢাকা বোর্ডের পরই সবচেয়ে বেশি ড্রপ আউট হয়েছে কারিগরি শিক্ষা বোর্ড থেকে। এ বোর্ডের ৬৮ হাজার ১০৫ শিক্ষার্থী ২০০৬-০৭ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশন করলেও চূড়ান্ত পরীক্ষায় অংশ নেয়ার জন্য ফর্ম ফিলআপ করেছে ৩৯ হাজার ৮৬৮ জন। কারিগরি শিক্ষা বোর্ডের মোট ২৮ হাজার ২৬৭ জন ড্রপ আউট হয়েছে। এর মধ্যে ছাত্র ১৮ হাজার ৬৭৫ এবং ছাত্রী ৯ হাজার ৫৯২ জন।

এরপরই রাজশাহী বোর্ডের অবস্থান। এ বোর্ডের ২৪ হাজার ৩৮২ জন ড্রপ আউট হয়েছে। এর মধ্যে ছাত্র ১৩ হাজার ৮২০ এবং ছাত্রী ১০ হাজার ৫৬২ জন। এ বোর্ড থেকে চলতি বছর এইচএসসি পরীক্ষায় অংশ নেয়ার জন্য রেজিস্ট্রেশন করেছিল ১ লাখ ২৭ হাজার ৪৬৫ জন।